

# সমকালীন শিক্ষার মান ও পরিমাণ

প্রকাশ: ২৯ আগস্ট ২০২৩ | ০০:০০ | প্রিন্ট সংস্করণ

মো. মিনুর রহমান



ওয়াশিংটন ডিসিভিউটিক গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর গ্লোবাল ডেভেলপমেন্ট ২০২২ সালে একটি প্রতিবেদনে উল্লেখ করেছে, শিক্ষার গুণগত মান কমে যাওয়া দেশের মধ্যে রয়েছে বাংলাদেশ, ভারত ও নাইজেরিয়া এবং বেড়েছে পেরু, ইন্দোনেশিয়া ও ভিয়েতনামের। এর মধ্যে ভিয়েতনামের অবস্থা সবচেয়ে ভালো। প্রাথমিক শিক্ষায় বাংলাদেশ ভিয়েতনামের চেয়ে অনেক পিছিয়ে। বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা ভিয়েতনামের শিক্ষকদের তুলনায় কি কম? কয়েক বছর আগে এইচএসসি উত্তীর্ণ মেয়েরা শিক্ষক হতে পারতেন। সরকার সেই নিয়মের সংস্কার করে বর্তমানে ন্যূনতম অনার্স পাস করেছে। এ ছাড়া বর্তমান সরকার প্রাথমিক বিদ্যালয়ে যেভাবে শিক্ষক নিয়োগ দিচ্ছে, সেখানে মেধাবীরাই সুযোগ পাচ্ছেন। তবু কেন শিক্ষার মান কম, আমরা কি তেবে দেখেছি? কারণ হিসেবে সাধারণত অবকাঠামোগত দুর্বলতা, পোষ্য কোটা, শিক্ষক ঘাটতি, বেতন কম, বাজেট কম, শিক্ষকদের প্রশিক্ষণের অভাব ইত্যাদি বিষয়ে জানি।

জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন ২০২২-এর তথ্য বলছে, শিক্ষাক্রম অনুযায়ী যেসব যোগ্যতা বা দক্ষতা অর্জন করার কথা, তা অর্জন করতে পারছে না বিপুলসংখ্যক শিক্ষার্থী। এর মধ্যে তৃতীয় ও পঞ্চম শ্রেণির প্রায় অর্ধেক সংখ্যক শিক্ষার্থী শিক্ষাক্রম অনুযায়ী বাংলায় কাজিত যোগ্যতা বা দক্ষতা অর্জন করতে পারছে না। আর তৃতীয় শ্রেণির প্রায় ৬১ শতাংশ ও পঞ্চম শ্রেণির ৭০ শতাংশ শিক্ষার্থী গণিতে শিক্ষাক্রম অনুযায়ী যোগ্যতা অর্জন করতে পারছে না। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার যে কর্ণ অবস্থা, এই জায়গা থেকে বেরিয়ে আসতে চাইলে প্রাথমিক শিক্ষকদের প্রতি আলাদা নজর দিতে হবে।

ভিত্তি শক্তিশালী হলে যেমন পুরো ভবন অনড় হয়, তেমনি একজন শিক্ষার্থীর প্রাথমিক পঠন পদ্ধতি যত যৌক্তিক হবে তাদের মৌলিক বিষয়াবলিও তত শক্তিশালী হবে।

সর্বশেষ তথ্য অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মোট শিক্ষক রয়েছেন ৩ লাখ ৬২ হাজার ৭০৯ জন। বিপুলসংখ্যক শিক্ষক, কিন্তু নিজেদের সন্তানকে নিজ কর্মসূলে মানে প্রাথমিক বিদ্যালয়ে পড়ান না। কেন তারা নিজ সন্তানদের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াতে চান না? হাতে গোনা খুব কম শিক্ষক রয়েছেন যারা আর্থিকভাবে একটু অসচ্ছল, শুধু তারাই নিজেদের সন্তানকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াচ্ছেন। যাদের সামর্থ্য রয়েছে তারা সন্তানদের পড়াচ্ছেন বেসরকারি নামিদামি প্রতিষ্ঠানে।

শিক্ষকদের বেতন-ভাতা, সুযোগ-সুবিধা, প্রশিক্ষণ ইত্যাদি বাড়ানোর পাশাপাশি শিক্ষকরা যেন নিজেদের সন্তানদের নিজ কর্মসূলে মানে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ান, সেই বিষয়টি যদি সরকার নিশ্চিত করতে পারে তাহলে প্রাথমিক স্কুলগুলোতে শিক্ষার মান বৃদ্ধি পাবে।

শিক্ষার্থী, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com